

ছাত্রলীগের বিরোধে অস্থিতিশীল হচ্ছে ইবি ক্যাম্পাস

ইবি প্রতিনিধি

১৩ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৩ অক্টোবর ২০১৯ ০০:৫৩



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মতো ক্রমেই অস্থিতিশীল হয়ে উঠছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)। ইবি ছাত্রলীগের দুগ্রপের বিরোধেই এর কারণ বলে জানা গেছে। বিদ্রোহী গ্রন্থপের নেতাকর্মীরা গতকাল শনিবার ইবি সভাপতি রবিউল ইসলাম পলাশ ও তার গ্রন্থপকে ক্যাম্পাসছাড়া করেছে। সভাপতি গ্রন্থ অভিযোগ করেছে, ছাত্রলীগের বিদ্রোহীরা বহিরাগত, মাদকাসক্ত ও অচাত্রদের সঙ্গে নিয়ে এসব কর্মকা- পরিচালনা করছে।

প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, শনিবার বেলা সাড়ে ১১টায় ছাত্রলীগের বিদ্রোহী গ্রন্থপের ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালন ও ফয়সাল সিদ্দীকি আরাফাতের নেতৃত্বে দলীয় টেন্টের পাশে অবস্থান নেয় ২০ থেকে ৩০ জন কর্মী। এ সময় ইবি ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশ তার সমর্থক নেতাকর্মীদের নিয়ে দলীয় টেন্টে বসেছিলেন। এ সময় ছাত্রলীগ কর্মী বিপুল, শাহজালাল ইসলাম সোহাগ, অনিক ও স্বপ্নসহ বেশ কয়েকজন রবিউল ইসলাম পলাশকে অশালীন ভাষায় গালি দিয়ে দলীয় টেন্ট ও ক্যাম্পাস থেকে বের হয়ে যেতে বলেন। একপর্যায়ে রবিউল ইসলাম পলাশ ক্ষোভে ও মনক্ষুণ্ণ হয়ে দলীয় টেন্ট ত্যাগ করেন।

অবশ্য ছাত্রলীগের বিদ্রোহী গ্রন্থপের কর্মী শাহজালাল ইসলাম সোহাগ বলেন, এ অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। আবরার হত্যার বিচার দাবিতে আমরা ক্যাম্পাসে লিফলেট বিতরণ ও বিক্ষোভ মিছিল করেছি।

ইবি শাখা ছাত্রলীগের এক সাবেক সভাপতি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি যেখানে সব ইউনিটকে এক হয়ে কাজ করে যেতে নির্দেশনা দিয়েছেন, সেখানে কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্তকে অমান্য করে বিদ্রোহী গ্রহণের নেতাকর্মীরা ক্যাম্পাসের পরিবেশ বিঘ্নেতে ও ছাত্রলীগকে বিতর্কিত করার চেষ্টা করছে।

এ বিষয়ে রবিউল ইসলাম পলাশ বলেন, মাদকাস্তু অবস্থায় কয়েকজন আমাকে গালি দিয়েছে, যা ছাত্রলীগ কর্মীদের কাছে কোনোভাবেই আশা করা যায় না। অনেক আগে থেকেই এদের বিরুদ্ধে মাদক সেবনের ও বিক্রির অভিযোগ রয়েছে।

advertisement